d/

দৈনিক বাংলা

তারিখ 08 MAR 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

215

# শ্রীপুর ডিগ্রী কলেজের ৩৩ জন শিক্ষকের পদত্যাগ

নিজস্ব সংবাদদাতা ঃ গাজীপুর, ৭ মার্চ।– শ্রীপুর ডিগ্রী কলেজে ছাত্র ও বহিরাগত গুন্ডাদের সন্ত্রাসীর প্রতিবাদে শনিবার রাত সাড়ে ১০টায় ৩৩ জন শিক্ষক একযোগে থানা নির্বাহী অফিসারের কাছে পদত্যাগ করেছেন। সন্ত্রাস সৃষ্টিকারীরা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল হকের কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে।

জানা গেছে, শনিবার রাত ১০টায় আসন্ন এইচএসসি ও বাতিলকৃত ডিগ্রী পরীক্ষা নিয়ে কলেজে শিক্ষকদের এক সভা চলাকালে কিছু ছাত্র ও ছাত্রনামধারী বহিরাগতরা সভাকক্ষে ঢুকে পড়ে। তারা ফরম পূরণের ক্ষেত্রে টাকা কমানোর জন্য চাপ সৃষ্টি করে। এক পর্যায়ে উত্তেজিত ছাত্ররা ভারপ্রাপ্ত অধ্যক্ষের কক্ষে তালা দেয় ও শিক্ষকদের অশ্লীল ভাষায় গালিগালাজ করে।

অপর এক সূত্রে জানা গেছে, কলেজের সভাপতি হিসাবে থানা নির্বাহী কর্মকর্তা ঐসব ছাত্রকে ১০ মাসের বেতন মওকুফ করে দেন। পরে বিক্ষুব্ধ শিক্ষকবৃন্দ একযোগে তাদের পদত্যাগপত্র পেশ করেন। পদত্যাগপত্র গৃহীত হয়েছে কিনা তা জানা যায়নি। এব্যাপারে কলেজের উপাধ্যক্ষ ফনি ভূষন সাহা শ্রীপুর থানায় একটি অভিযোগ দায়ের করেছেন। পুলিশ ঘটনার সত্যতা স্বীকার করেছে। কলেজ এখন বন্ধ।